

শাহজালাল বিশ্ববিদ্যালয় উপাচার্যের কার্যালয় তৃতীয় দিন তালাবন্ধ

সিলেট প্রতিনিধি •

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমিনুল হক উইয়ার পদভ্যাগের দাবিতে তৃতীয় দিনের মতো তাঁর কার্যালয়ে তালা বুলিয়ে অবস্থান কর্মসূচি পালন করেছেন আন্দোলনকারী শিক্ষকেরা।

গতকাল বুধবার আন্দোলনকারী শিক্ষকদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় 'অচলের ষড়যন্ত্রের' অভিযোগে সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। এই মানববন্ধনে ছাত্রলীগের নেতা-কর্মীরাও অংশ নেন।

সরকার-সমর্থক 'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উত্ত্বঙ্গ শিক্ষকবৃন্দ' নামের ফোরামের শিক্ষকেরা সকাল নয়টা থেকে বেলা চারটা পর্যন্ত উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান করেন। তাঁরা শিক্ষক সমিতির এক জরুরি সাধারণ সভাও বর্জন করেন। ১৪৪ জন শিক্ষকের অংশগ্রহণে ওই সভায় অবিলম্বে প্রশাসনিক ভবনের তালা খুলে দিতে আন্দোলনরত শিক্ষকদের প্রতি আহ্বান জানানো হয়।

এদিকে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে দুপুর ১২টার দিকে সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে কয়েক শ শিক্ষার্থী অংশ নেন।